মেহেরপুরে বাড়ছে শীতের তীব্রতা, বিপাকে সাধারণ মানুষ

মেহেরপুর সহ সারা দেশে হঠাৎ করেই বেড়েছে শীতের প্রকোপ। তীব্র শীতে জনজীবন হয়ে পড়েছে বিপর্যস্ত। কুয়াশার চাদরে ঢাকা পড়েছে মেহেরপুর ও এর আশপাশের অঞ্চল। তাপমাত্রা কমে যাওয়ায় শুরু হয়েছে মৃদ শৈত্যপ্রবাহ।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সূত্রে জানা গেছে, শুক্রবার ১৫ ডিসেম্বর সকাল ৯ টায় এ অঞ্চলে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১০.৬ ডিগ্রি সেলসিয়াস।

তাপমাত্রা কমে যাওয়ায় মৃদু শৈত্যপ্রবাহ শুরু হয়েছে। সন্ধ্যার পর থেকে শুরু হচ্ছে ঘন কুয়াশা ও হিমেল বাতাস। আর এতেই বিপাকে পড়েছে ছিন্নমূল ও সাধারণ মানুষ। সকালে ও সন্ধ্যার পর খড়কুটো জ্বালিয়ে তাপ পোহাচ্ছেন ছিন্নমূল মানুষ। সূর্যের দেখা মিলছে সকাল ৯টার পর। সড়কে কমে গেছে মানুষের চলাচল।

এরপরও শীতকে উপেক্ষা করে কাজের সন্ধানে ছুটছে নিম্ন আয়ের মানুষ। এ ছাড়া গত এক সপ্তাহ ধরে শীতের প্রকোপ বাড়ায় বেড়েছে ঠান্ডাজনিত রোগও। বিশেষ করে শিশু এবং বৃদ্ধদের ডাইরিয়া ও জ্বর-সর্দি বেড়েছে বলে দেখা গেছে মেহেরপুর জেনারেল হাসপাতাল ঘুরে।

গ্রাম-গঞ্জ থেকে কাজের সন্ধানে মেহেরপুরে আসা দিন মজুরের সংখ্যাও ছিল অনেক কম। এদের মধ্যে হাসেম, জয়নাল, ইজারুল নামের দিন মজুরের সাথে কথা বলে যানা যায় বেশি শীতের কারনে কজে আসতে পারেনি অনেকেই। তাছাড়া কাজও খুব একটা নেই।

দিনমজুর সাইদুল বলেন, ‘আমি ভোরবেলায় বাড়ি থেকে কাজের জন্য বাইরে বের হয়েছি। সাইকেল চালিয়ে আসার সময় পেডেল মারার শক্তি পাই না। ঠান্ডায় পা জমে যায়, তারপরও কাজে আসতে হয়।’

এদিকে শীতের পকোপ থেকে রেহাই পেতে গরম কাপড় কিনতে ভিড় জমাচ্ছে দোকান গুলোতে। শুক্রবার মেহেরপুর গরুর হাট সংলগ্ন পুরাতন কাপড়ের দোকনগুলো উপচে পড়া ভিড় লক্ষ্য করা যায়। নিম্ন-মধ্যবিত্তরা এই সব পুরাতন কাপড়ের দোকান থেকে সংগ্রহ করছে মোটা কাপড়ের পোশাক।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের সিনিয়র পর্যবেক্ষক রকিবুল হাসান জানান, আজ সকাল ৯ টায় মেহেরপুরের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১০.৬ ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আদ্রতা বেশি থাকাতে শীত অনুভূত হচ্ছে আরো বেশি। আগামী ২-৩ দিনে তাপমাত্রা আরো কমে যাবে বলে তিনি জানিয়েছেন।

আজ আখেরি মোনাজাত, শেষ হবে আঞ্চলিক ইজতেমা

মেহেরপুরের সাবেক সিভিল সার্জন এবং তাবলীগ জামাতের বর্তমান রাজশাহী জেলা আমির ডা. আমিনুল ইসলামের বয়ান ও আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে তিন দিনের আঞ্চলিক ইজতেমা। গত বুধবার ১৩ ডিসেম্বর মেহেরপুর সরকারি কলেজ মাঠে তিন দিনের এই আঞ্চলিক ইজতেমা শুরু হয়েছিল।

মেহেরপুর জেলা সহ পার্শ্ববর্তী কয়েকটি জেলা থেকে কয়েক হাজার মুসল্লী সমবেত হয়েছেন এবারের ইজতেমা মাঠে। এছাড়াও ইন্দোনেশিয়া থেকে ১১ জনসহ ভারত থেকেও কয়েকজন মুসল্লী এসে সমবেত হয়েছেন এই ইজতেমা ময়দানে।

গত বুধবার ফজরের নামাজের পর আম বয়ানের মধ্য দিয়ে শুরু হয়েছিলো ইজতেমার আনুষ্ঠানিকতা। আর আজ শুক্রবার ১৫ ডিসেম্বর আখেরি মজাদার মধ্য দিয়ে শেষ হবে সেই আনুষ্ঠানিকতার।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান জানান, ইজতেমার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে তিন স্তরের নিরাপত্তাবলয় তৈরি করা হয়েছে। র্যাব ও পুলিশের পাশাপাশি সাদা পোশাকেও পুলিশ কাজ করছে। ইজতেমা মাঠ প্রাঙ্গনে নিরাপত্তা রক্ষায় সার্বক্ষণিকভাবে শতাধিক পুলিশ সদস্য দায়িত্ব পালন করে যাচ্ছে।

মুজিবনগরে ৫ কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করতে থানা পুলিশের নিয়মিত মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে মুজিবনগরে ৫ কেজি গাঁজা সহ রাজু আহমেদ নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছেন থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্তের নির্দেশে মুজিবনগর মেহেরপুর প্রধান সড়কের হীরা ইট ইটভাটার সামনে ইজিবাইকে করে দুইটি মরিচের বস্তার ভিতর করে গাঁজা নিয়ে যাওয়ার সময় মুজিবনগর থানার এস আই সজিবুর রহমানের নেতৃত্বে সঙ্গীয় এএসআই দরবেশ ফকির এএসআই সোহেল রানা, এএসআই সাখাওয়াত হোসেন ও এএসআই ফারজানা খাতুন সহ থানা পুলিশের একটি টিম মরিচের বস্তার ভিতরে ৪ টি পোটলা থেকে ৫ কেজি গাঁজা সহ মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের ফজলুল হক পিন্টু এর ছেলে রাজু আহমেদকে আটক করে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল দত্ত জানান,আটকৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মাদক মামলা রজু করে আগামীকাল তাকে কোর্টে প্রেরণ করা হবে।

মুজিবনগর থানার নবাগত ওসির সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

মুজিবনগর থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত এর সাথে সৌজন্য সাক্ষাৎ ও ফুলের শুভেচ্ছা জানিয়েছেন মুজিবনগর উপজেলার সাংবাদিকবৃন্দ।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় অফিসার ইনচার্জের অফিস রুমে সৌজন্য সাক্ষাৎ শেষে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সহ-সভাপতি দৈনিক জবাবদিহি পত্রিকার মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সাংগঠনিক সম্পাদক ভোরের কাগজ ও মেহেরপুর প্রতিদিনের উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শেরখান), বিজনেস বাংলাদেশ পত্রিকার জেলা প্রতিনিধি সানোয়ার হোসেন ডালিম, দৈনিক ইনকিলাব পত্রিকার মুজিবনগর প্রতিনিধি ফিরোজুর রহমান, দৈনিক সত্য খবর পত্রিকার মুজিবনগর প্রতিনিধি তুহিন, দৈনিক গড়ব বাংলাদেশ পত্রিকার মুজিবনগর উপজেলা প্রতিনিধি জাহিদ হাসান,দৈনিক সকালের সময় প্রত্রিকার মুজিবনগর প্রতিনিধি আব্দুল খালেক, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার মুজিবনগর প্রতিনিধি শরিফুল ইসলাম, দৈনিক মুজিবনগর টুডে প্রতিনিধি আনোয়ার হোসেন।

উদীচী’র উদ্যোগে মেহেরপুরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন

উদীচী মেহেরপুর শাখা সংসদের উদ্যোগে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়েছে।

আজ ১৪ ডিসেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় মুক্তিযুদ্ধে শহীদ হওয়া বুদ্ধিজীবীদের স্মরণে, মেহেরপুর পৌর শহরের সামসুজ্জোহা পার্কে অবস্থিত শহিদ মিনারে মোমবাতি জ্বালিয়ে শহীদ বুদ্ধিজীবিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

মোমবাতি প্রজ্বলন ও শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে উদীচী মেহেরপুর জেলা সংসদের সভাপতি শ্রী সুশীল চক্রবর্তী ও সাধারণ সম্পাদক এডভোকেট মিজানুর রহমান সহ উদীচীর জেলা সংসদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

এসময় উদীচী মেহেরপুর জেলা সংসদের সভাপতি সুশীল চক্রবর্তী জানান, উদীচী প্রতি বছর শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে এভাবেই শ্রদ্ধা

নিবেদন করে থাকে।

মেহেরপুরে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের আলোচনা সভা

মউকের উদ্দ্যেগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহঃস্পতিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলা হাফিয়া।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার এস.আই শিবলী রহমান। স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

সভায় নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ প্রতিরোধ সহ বিভিন্ন আলোচনা করা হয়। সভায় মেহেরপুর জেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্য বহুল আলোচনা করে সকল ধরনের নির্যাতিতদের পাশে থেকে কাজ করার অঙ্গিকার ব্যক্ত করেন উপস্থিত সবাই।

মেহেরপুরে আঃলীগের জাতীয় সংসদ

নির্বাচন পর্যবেক্ষক সমন্বয়ক কমিটির অনুমোদন

মেহেরপুর জেলা আওয়ামী লীগের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পর্যবেক্ষক সমন্বয়ক উপ-কমিটির তালিকা প্রকাশিত হয়েছে।

বুধবার ১৩ ডিসেম্বর রাতে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের খুলনা বিভাগীয় পর্যবেক্ষণ কমিটির প্রধান সমন্বয়ক পারভিন জামান কল্পনা স্বাক্ষরিত একটি চিঠিতে ১৭ সদস্য বিশিষ্ট এই কমিটির অনুমোদন দেয়া হয়।

ইতোপূর্বে গত ১৭ নভেম্বর তারিখে বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির ১৫ টি উপ-কমিটি গঠন করা হয়। এর মধ্যে একটি ছিল নির্বাচন পর্যবেক্ষক সমন্বয় উপ-কমিটি। কেন্দ্রীয়ভাবে নির্বাচন পর্যবেক্ষক সমন্বয়ক উপ কমিটির আহ্বায়ক করা হয়েছে অ্যাম্বাসেডর মো. জিয়া উদ্দিনকে এবং দলের অর্থ বিষয়ক সম্পাদক ওয়াসিকা আয়েশা খান এ উপ-কমিটির সদস্য সচিব।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের খুলনা বিভাগীয় পর্যবেক্ষণ কমিটির প্রধান সমন্বয়ক পারভিন জামান কল্পনা স্বাক্ষরিত ১৭ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা কমিটিতে রয়েছেন, বাংলাদেশ আওয়ামী লীগের কৃষি ও সমবায় বিষয়ক উপ কমিটির সদস্য রেজাউল ইসলাম রেজা এবং অর্থ ও পরিকল্পনা বিষয়ক উপকমিটির সদস্য তানভীর শাওন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক খন্দকার আব্দুল মতিন, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট কাজী শহিদুল হক, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক আকবর জালাল, জেলা মহিলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহফুজা খাতুন, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রুতশোভা মন্ডল, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম, সদস্য মোঃ আতিয়ার রহমান হীরা, সাবেক ছাত্রলীগ নেতা তূর্য বিশ্বাস ও আব্দুস সামাদ সোহাগ, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি রাজিব, বামুন্দি ইউনিয়ন কৃষক লীগের সভাপতি জিয়ারুল হক, স্বেচ্ছাসেবক লীগের সাবেক নেতা রানা নাঈম, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান, কুতুবপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাবেক নেতা মাসুদ রানা ও জেলা তাঁতি লীগের সভাপতি সুবাদ মিয়া।

মুজিবনগরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে আলোচনা সভা

জাতির শ্রেষ্ঠ সন্তান শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে আলোচনা সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে আজ বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে মুজিবনগর নবাগত নির্বাহী অফিসার আজগর আলী সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন, মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক তদন্ত আব্দুল আলিম।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানসহ বীর মুক্তিযোদ্ধা উপজেলা পরিষদের কর্মকর্তা কর্মচারী এবং স্কুল কলেজের ছাত্রছাত্রীবৃন্দ অংশগ্রহণ করেন।

গাংনীতে শহীদ বুদ্ধি দিবস পালন উপলক্ষে আলোচনা সভা

গাংনীতে মহান শহীদ বুদ্ধি দিবস পালন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা

প্রশাসনের সভা কক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

উপজেলা প্রশাসন আয়োজিত নির্বাহি কর্মকর্তা প্রিতম সাহার সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন,উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, গাংনী থানার অফিসার ইন্চার্জ (তদন্ত) মনোজিত কুমার নন্দি।

উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ মাহাবুব মন্টুর সঞ্চালনায় আলোচনা সভায় উপজেলার সকল কর্মকর্তা, সাংবাদিকসহ জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা যথাযোগ্য মর্যাদায় শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর উপর গুরুত্ব আরোপ করেন।

মেহেরপুরে নানা আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) সকাল দশটার দিকে দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষে গণকবরে পুষ্পমাল্য অর্পণ করা হয়।জেলা প্রশাসক মোঃ শামীম হাসান ও মুক্তিযোদ্ধারা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

শহীদদের আত্মার মাগফিরাত কামনাসহ দেশ ও জাতির মঙ্গল কামনায় বিশেষ মোনাজাত করা হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

এসময় জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম,স্থানীয় সরকার উপ-পরিচালক শামীম হোসেন,অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মুঃ তানভীর হাসান রুমান, সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছাঃ রনী খাতুন, সিনিয়র সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এস এম মিকাইল ইসলাম, সহকারী কমিশনার ও

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী সোহেল, সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ,মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মো. হাসিবুস সাত্তার, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক,বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম,বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি হাসানুজ্জামান মালেক,জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুম মুনির প্রমুখ উপস্থিত ছিলেন।